০৯/০৯/২৫
AMIE


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গুপ্তসংকেত পরিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.doc.portal.gov.bd


নম্বর: ২৩.১০.০০০০.০০১.১১.০০৬.২৫- ৮৭৯

তারিখঃ ২৪ ভাদ্র ১৪৩২
০৮ সেপ্টেম্বর ২০২৫

বিষয়: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন গুপ্তসংকেত পরিদপ্তরের রাজস্ব খাতভুক্ত 'সাইফার সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক', 'বাইন্ডার-কাম-মেশিন অপারেটর', 'অফিস সহায়ক' এবং পরিচ্ছন্নতাকর্মী পদের 'নিয়োগ বিজ্ঞপ্তি' ও 'আবেদনের নিয়ম ও শর্তাবলী' প্রকাশ এবং দরখাস্ত আহবান ও অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনাধীন গুপ্তসংকেত পরিদপ্তর কর্তৃক ০৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ২৩.১০.০০০০.০০১.১১.০০৬.২৫-৬৫৭ ও ৬৫৮ স্মারকে জারিকৃত (রাজস্ব খাতভুক্ত 'সাইফার সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক', 'বাইন্ডার-কাম-মেশিন অপারেটর', 'অফিস সহায়ক' এবং পরিচ্ছন্নতাকর্মী শূন্যপদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের লক্ষ্যে) নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদনের নিয়ম ও শর্তাবলী প্রকাশ এবং দরখাস্ত আহবান ও অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত কাযক্রম আপনার প্রতিষ্ঠানের ওয়েব সাইটে (https://doc.teletalk.com.bd) সম্পাদনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

২। উল্লেখ্য যে, অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯-০৯-২০২৫খ্রি. সকাল ১০:০০ ঘটিকা এবং অনলাইনে আবেদনপত্র পূরণের সর্বশেষ তারিখ ও সময়: ৩০-০৯-২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণের আবেদন ফি জমাদানের সময়সীমা অনলাইন আবেদন পত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টা।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

০৮.০৯.২০২৫

(মোহাম্মদ হোসেন আলী)
পরিচালক
ফোনঃ ৫৮১৫২৬৩৪
cypherdept@doc.gov.bd

জেনারেল ম্যানেজার
টেলিটক বাংলাদেশ লিমিটেড
রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স
রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২
[দৃষ্টি আকর্ষণ: জনাব জুবায়ের হোসেন, সহকারী ব্যবস্থাপক (VAS)]

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১। সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শের-ই-বাংলা নগর, ঢাকা

২। জনাব মো: আক্তারুজ্জামান
সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদনের নিয়ম ও শর্তাবলী মন্ত্রণালয়ের ওয়েব সাইট mod.gov.bd তে প্রকাশের অনুরোধসহ)

৩। জনাব মোহাম্মদ রেজাউর রহমান
উপপরিচালক (প্রশাসন ও টেকনিক্যাল)
গুপ্তসংকেত পরিদপ্তর, ঢাকা
(নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদনের নিয়ম ও শর্তাবলী ওয়েব সাইট doc.portal.gov.bd তে প্রকাশের জন্য)

**অনুলিপি:**

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শের-ই-বাংলা নগর, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, ডি-৩ শাখা)

E:\ACO Admin\New Reqruitment August 2025\গুপ্তসংকেত সার্কুলার(খসড়া).docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গুপ্তসংকেত পরিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.doc.portal.gov.bd

স্মারক নং: ২৩.১০.০০০০.০০১.১১.০০৬.২৫-৬৫৭; তারিখঃ ২৩ ভাদ্র ১৪৩২
০৭ সেপ্টেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন গুপ্তসংকেত পরিদপ্তরের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (https://doc.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সাইফার সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৫, স্কেল: ৯৭০০-২৩৪৯০/- | ০২ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ ও তফসিল-৩ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে সর্বনিম্ন প্রতি মিনিটে ২০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন প্রতি মিনিটে ২০ শব্দের গতি থাকিতে হইবে। |
| ২. | বাইন্ডার কাম-মেশিন অপারেটর<br>গ্রেড-১৬, স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাঁধাই সংক্রান্ত কাজ ও মুদ্রণ সংক্রান্ত যন্ত্রপাতি চালনায় অন্যুন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৩. | অফিস সহায়ক<br>গ্রেড-২০, স্কেল: ৮২৫০-২০০১০/- | ০২ টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০, স্কেল: ৮২৫০-২০০১০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে; তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। |

২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলির বিস্তারিত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mod.gov.bd , গুপ্তসংকেত পরিদপ্তরের ওয়েবসাইট www.doc.portal.gov.bd এবং বাংলাদেশ টেলিটক লিমিটেড এর ওয়েবসাইট https://doc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

৩। **উল্লেখ থাকে যে, অনলাইন আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯/০৯/২০২৫ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা এবং আবেদন পত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়: ৩০/০৯/২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ ঘটিকা।**

০৭/৯/২০২৫
মোহাম্মদ রেজাউর রহমান
উপপরিচালক
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
ফোন: ০২-৫৮১৫২৬৩৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গুপ্তসংকেত পরিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.doc.portal.gov.bd

স্মারক নং: ২৩.১০.০০০০.০০১.১১.০০৬.২৫- ৬৫৮;

তারিখঃ ২৩ ভাদ্র ১৪৩২
০৭ সেপ্টেম্বর ২০২৫

**সাইফার সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, বাইন্ডার কাম-মেশিন অপারেটর, অফিস সহায়ক ও পরিচ্ছন্নতাকর্মী পদের দরখাস্ত আহবান এবং অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলি নিম্নরূপ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন গুপ্তসংকেত পরিদপ্তরের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (https://doc.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সাইফার সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৫, স্কেল: ৯৭০০-২৩৪৯০/- | ০২ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ ও তফসিল-৩ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে সর্বনিম্ন প্রতি মিনিটে ২০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন প্রতি মিনিটে ২০ শব্দের গতি থাকিতে হইবে। |
| ২. | বাইন্ডার কাম-মেশিন অপারেটর<br>গ্রেড-১৬, স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাঁধাই সংক্রান্ত কাজ ও মুদ্রণ সংক্রান্ত যন্ত্রপাতি চালনায় অন্যুন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৩. | অফিস সহায়ক<br>গ্রেড-২০, স্কেল: ৮২৫০-২০০১০/- | ০২ টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০, স্কেল: ৮২৫০-২০০১০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে; তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। |

**আবেদনের শর্ত ও নিয়মাবলী:**

১। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তির পদসমূহ পুরণে "গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" অনুসরণ করা হবে।

৩। সকল পদে ০১/৯/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ২-৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Employee status এর option select করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙ্গিন ছবি;

(খ) জাতীয় পরিচয়পত্র, পূরণকৃত Application Form Admit Card,

(গ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ,

(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ, এবং

(ঙ) শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ ও হরিজন কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

চলমান পাতা-২

৭। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:</u>

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https:// doc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

**(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯ সেপ্টেম্বর ২০২৫ সকাল ১০:০০ ঘটিকা।**

**(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ৩০ সেপ্টেম্বর ২০২৫ বিকাল ০৫:০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ 100KB ও স্বাক্ষরের সাইজ 60KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষামাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে ক্রমিক ১-২ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা; ক্রমিক-৩-৪ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ ও হরিজন প্রার্থীগণ) সকল গ্রেডের পদের পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম SMS:</u> DOC <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: DOC ABCDEF
Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee.
Your PIN is 12345678. To pay fee Type DOC<Space>Yes<space>PINand send to 16222.

<u>দ্বিতীয় SMS:</u> DOC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DOC Yes 12345678 Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DOC Application for (post name). User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https:// doc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে: DOC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: DOC Help User ABCDEF

চলমান পাতা-৩

(ii) PIN Number জানা থাকলে: DOC<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222. Example: DOC Help PIN 12345678

(ঝ) পত্রিকা ছাড়াও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন গুপ্তসংকেত পরিদপ্তরের ওয়েবসাইট www. doc.portal.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www. doc.portal.gov.bd হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদনের ক্ষেত্রে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dd-admin@doc.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name DOC, Post Name, Applicant's User ID (প্রযোজ্য ক্ষেত্রে) ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে) ।

(ট) ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা নীতি এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যেকোন ধরণের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং কোন কারণ উল্লেখ ব্যতিত প্রার্থীর প্রার্থীতা বাতিল হবে।

১০। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১১। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। আবেদনের শর্তাবলিতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৭/৯/২০২৫

মোহাম্মদ রেজাউর রহমান
উপপরিচালক
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
ফোন: ০২-৫৮১৫২৬৩৫